গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.১৮.০১৩.২৩.৪৬০

তারিখ : ০৩ চৈত্র ১৪৩১ / ১৭ মার্চ ২০২৫

**বিষয় : বিদ্যুৎ সাশ্রয় নিশ্চিতকরণ সংক্রান্ত।**

সূত্র : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ-এর ১৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ/২৭.০২.২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের আধা-সরকারি পত্র নম্বর : ২৭.০০.০০০০.০৫১.১৬.০২০.২৪.২৪১

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, পবিত্র রমজান, গ্রীষ্মকাল ও সেচ মৌসুম প্রায় একই সময়ে শুরু হয়েছে। এতে বিদ্যুতের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পায়েছে। দেশে শীত মৌসুমে বিদ্যুতের চাহিদা প্রায় ৯,০০০ মেগাওয়াট এবং গ্রীষ্ম মৌসুমে তা বৃদ্ধি পেয়ে প্রায় ১৭,০০০ মেগাওয়াটে দাঁড়ায়। গ্রীষ্ম মৌসুমে বিদ্যুতের চাহিদা বৃদ্ধির প্রেক্ষাপটে ও রোজাদারদের সুবিধার্থে সেহরি, ইফতার ও তারাবির সময় এবং সেচ কার্যক্রম পরিচালনায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। পাশাপাশি বিদ্যুতের অতিরিক্ত চাহিদা মোকাবেলায় সাশ্রয়ীভাবে বিদ্যুৎ গ্রাহক, ব্যবহারকারী নির্বিশেষে জনগণের সচেতনতা বৃদ্ধিও জন্য ব্যপকভাবে প্রচার করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রেরিত, পবিত্র মাহে রমজান মাস, গ্রীষ্মকাল ও সেচ মৌসুমে সর্বোচ্চ বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে এবং গ্রাহক ভোগান্তি সর্বনিম্ন পর্যায়ে রাখার স্বার্থে আধা-সরকারি (ডিও) ও ডিও-এর সাথে সংযুক্ত নির্দেশিকা যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি : আধা-সরকারি (ডিও) ও সংযুক্ত নির্দেশিকা-০২ (দুই) ফর্দ।**

১৭।০৩।২৫


(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন : ২২৩৩৫৭৪২০
section5@lawjusticediv.gov.bd


**বিতরণ-সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. জেলা ও দায়রা জজ ............. (সকল)।
২. মহানগর দায়রা জজ ............. (সকল)।
৩. মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন-১/২/ মতামত/বাজেট ও উন্নয়ন), আইন ও বিচার বিভাগ (অধীনস্ত সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
৫. সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।
৬. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
৭. সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
৮. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৯. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
১০. পরিচালক, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
১১. বিভাগীয় স্পেশাল জজ......................................... (সকল)।
১২. স্পেশাল জজ...............................................(সকল)।
১৩. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল...............(সকল)।
১৪. বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, ঢাকা।

১৫. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল..................................(সকল)।
১৬. বিচারক, পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭. বিচারক, সাইবার ট্রাইব্যুনাল.............................................(সকল)।
১৮. বিচারক, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল.....................(সকল)।
১৯. চেয়ারম্যান, প্রথম/দ্বিতীয় কোর্ট অব সেটেলমেন্ট, ঢাকা।
২০. সদস্য, শ্রম আপীল আদালত, ঢাকা।
২১. চেয়ারম্যান, শ্রম আদালত, ঢাকা...............................(সকল)।
২২. সদস্য, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
২৩. সদস্য, প্রশাসনিক ট্রাইব্যুনাল..........................................(সকল)।
২৪. বিচারক, স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৫. বিচারক, মানব পাচার ট্রাইব্যুনাল.................................(সকল)।
২৬. উপসচিব/উপসলিসিটর (সকল), আইন ও বিচার বিভাগ।
২৭. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট.............................................(সকল)।
২৮. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.........................................(সকল)।
২৯. বিচারক, পরিবেশ আদালত...............................................(সকল)।
৩০. বিচারক, ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল ..............................(সকল)।
৩১. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), আইন ও বিচার বিভাগ।

<u>অনুলিপি-সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :</u>

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।

ফারজানা মমতাজ
সচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ২৭.০০.০০০০.০৫১.১৬.০২০.২৪. 2৪২

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩১ / ২৯ ফেব্রুয়ারি ২০২৫

শ্রদ্ধেয় মহোদয়,

আসসালামু আলাইকুম,

আপনি অবগত আছেন যে, আগামী মার্চ মাসের ১ম সপ্তাহে পবিত্র মাহে রমজান শুরু হতে যাচ্ছে। এছাড়া, এবার পবিত্র রমজান, গ্রীষ্মকাল ও সেচ মৌসুম প্রায় একই সময়ে শুরু হবে। এতে বিদ্যুতের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পাবে। আপনি আরো অবহিত আছেন যে, দেশে শীত মৌসুমে বিদ্যুতের চাহিদা প্রায় ৯,০০০ মেগাওয়াট এবং গ্রীষ্ম মৌসুমে তা বৃদ্ধি পেয়ে প্রায় ১৭,০০০ মেগাওয়াটে দাঁড়ায়। আসন্ন গ্রীষ্ম মৌসুমে বিদ্যুতের চাহিদা বৃদ্ধির প্রেক্ষাপটে ও রোজাদারদের সুবিধার্থে সেহরি, ইফতার ও তারাবির সময় এবং সেচ কার্যক্রম পরিচালনায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক বিভিন্ন উদ্যোগ নেয়া হয়েছে। পাশাপাশি বিদ্যুতের অতিরিক্ত চাহিদা মোকাবেলার উপায় হিসেবে সাশ্রয়ীভাবে বিদ্যুৎ ব্যবহার করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, ১ ইউনিট বিদ্যুৎ সাশ্রয়ের উপযোগিতা, ২.৫-৩ ইউনিট বিদ্যুৎ উৎপাদনের সমতুল্য।

০২। টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) ইতোমধ্যে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা প্রণয়ন করেছে **(কপি সংযুক্ত)**। উক্ত নির্দেশিকা বিদ্যুৎ গ্রাহক, ব্যবহারকারী নির্বিশেষে জনগণের সচেতনতা বৃদ্ধির জন্য ব্যাপকভাবে প্রচার করা প্রয়োজন। দেশের রাষ্ট্রীয় ও বেসরকারি মালিকানাধীন বহুল প্রচারিত ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার সংক্রান্ত নির্দেশিকাটিসহ বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত তথ্যসমূহ টেলিভিশন চ্যানেলের স্ক্রলে, টিভিসি এবং বিজ্ঞপ্তি আকারে রেডিও, সোশ্যাল মিডিয়া ইত্যাদিতে ব্যাপকভাবে প্রচারিত ও প্রকাশিত হলে বিদ্যুৎ গ্রাহক ও ব্যবহারকারীগণ সাশ্রয়ী ব্যবহারে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত হবেন। আপনার মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে নির্দেশিকাটি ব্যাপকভাবে প্রচার করা হলে জনসচেতনতা তৈরি হবে এবং বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আসবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

০৩। (আসন্ন পবিত্র মাহে রমজান মাস, গ্রীষ্মকাল ও সেচ মৌসুমে সর্বোচ্চ বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে এবং গ্রাহক ভোগান্তি সর্বনিম্ন পর্যায়ে রাখার স্বার্থে সংযুক্ত নির্দেশিকা এবং তথ্যসমূহ আপনার মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সকল প্রতিষ্ঠান ও কর্মকর্তা-কর্মচারীগণের মধ্যে ব্যাপকভাবে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার সহযোগিতা ও ব্যক্তিগত হস্তক্ষেপ কামনা করছি। আপনার সুদৃষ্টি ও সহযোগিতার জন্য আগাম ধন্যবাদ জানাচ্ছি।

শ্রদ্ধান্তে,

আন্তরিকভাবে আপনার,

29/2/2025

(ফারজানা মমতাজ)

শেখ আবু তাহের
সচিব
আইন ও বিচার বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

আইইবি ভবন (৯ম ও ১০ম ফ্লোর), রমনা, ঢাকা

www.sreda.gov.bd

"সাশ্রয়ে জ্বালানি, সমৃদ্ধ আগামী"

## বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা

| ক্রমিক নং | বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ | জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম |
|---|---|---|
| ১. | লাইটিং | অপ্রয়োজনে লাইটের ব্যবহার পরিহার করুন। |
| | | প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার হতে বিরত থাকুন। |
| | | নির্ধারিত উজ্জ্বলতা বজায় রাখতে টাস্ক লাইটিং সিস্টেম (যেমন: এলইডি স্পট লাইট, টেবিল ল্যাম্প ইত্যাদি) ব্যবহার করুন। |
| | | দিনের আলোর (ডে-লাইট) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রয়োজনে কক্ষের আসবাবপত্র পুনর্বিন্যস্ত করুন। |
| | | বৈদ্যুতিক বাল্বের উপরিভাবে ধুলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাল্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন। |
| | | বিদ্যুৎ সাশ্রয়ী এবং জ্বালানি দক্ষ লাইটিং সিস্টেম (যেমন: ইনক্যান্ডেসেন্ট/ সিএফএল লাইটের পরিবর্তে বিদ্যুৎ সাশ্রয়ী এলইডি লাইট) ব্যবহার করুন। |
| ২. | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র | অপ্রয়োজনে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বন্ধ রাখুন। |
| | | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াস বা এর উপরে রাখুন, কারণ প্রতি ১ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বাড়ালে ১০ শতাংশ বিদ্যুৎ সাশ্রয় করা যায়। |
| | | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র সাশ্রয়ী ও দক্ষভাবে ব্যবহার করতে এবং সর্বাধিক স্বস্তি নিশ্চিত করতে কক্ষের দরজা জানালাসহ বায়ু চলাচল স্থান যতদুর সম্ভব বন্ধ রাখুন, যেমন: দরজার নীচ, ভেন্টিলেটর ইত্যাদি। |
| | | তাপপ্রবাহ রোধে কক্ষের পূর্বদিকের জানালার পর্দা সকাল ১০:০০ টা পর্যন্ত এবং পশ্চিম দিকের জানালার পর্দা দুপুর ২:০০ টার পর থেকে নামিয়ে রাখুন, এতে কক্ষ অপেক্ষাকৃত ঠান্ডা থাকবে। |
| | | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ফিল্টার মাসে কমপক্ষে একবার পরিষ্কার করুন। |
| | | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতি বছর কমপক্ষে একবার সার্ভিসিং করুন। |
| | | পুরনো/ অকেজো শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র পরিবর্তনের প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করুন। |
| ৩. | রেফ্রিজারেটর | গরম খাবার ঠান্ডা করার পর রেফ্রিজারেটরে সংরক্ষণ করুন। |
| | | পুরনো/ অকেজো রেফ্রিজারেটর পরিবর্তনের প্রয়োজন হলে ইনভার্টার টেকনোলজিযুক্ত বিদ্যুৎ সাশ্রয়ী রেফ্রিজারেটর ক্রয় করুন। |
| ৪. | ফ্যান | অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখুন। |
| | | পুরনো/ অকেজো ফ্যান পরিবর্তনের প্রয়োজন হলে বাজারে প্রাপ্যতা সাপেক্ষে বিদ্যুৎ সাশ্রয়ী (যেমন: বিএলডিসি ফ্যান) ফ্যান ক্রয় করুন। |
| ৫. | গ্যাসের চুলা | অপ্রয়োজনে গ্যাসের চুলা বন্ধ রাখুন। |
| | | রান্নার সময় পাত্র ঢেকে রান্না করুন। |
| | | সম্ভব হলে রান্নার জন্য প্রেশার কুকার ব্যবহার করুন। |
| ৬. | অন্যান্য | বৈদ্যুতিক ইস্ত্রির ব্যবহার সীমিত করুন। |
| | | প্রয়োজন না হলে মাইক্রোওয়েভ, কম্পিউটার, টিভি, ওভেন, প্রিন্টার, ফটোকপিয়ার, চার্জার, হ্যান্ড ড্রায়ার ইত্যাদি যন্ত্রপাতির সুইচ বন্ধ রাখুন। |
| | | সম্ভব হলে প্রাত্যহিক কার্যক্রম যেমন: আহার গ্রহণ, টিভি দেখা ইত্যাদি পরিবারের সকলে একসাথে করুন। এতে বিদ্যুৎ ব্যবহার সীমিত রাখা যায়। |

বিদ্যুৎ সাশ্রয়ে উল্লিখিত কার্যক্রমসমূহ প্রতিপালন করুন এবং দেশের মূল্যবান জাতীয় সম্পদ সংরক্ষণে দায়িত্বশীল ও গৌরবময় ভূমিকা রাখুন।

সচেতনতায়-

**টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)**

১০ম ফ্লোর, আইইবি ভবন, রমনা, ঢাকা- ১০০০

SREDA

Sustainable and Renewable Energy Development Authority